



সিইসিই শপথ পড়বেন নবনির্বাচিত এমপিদের



ছবি: সংগৃহীত

স্পিকার ও ডেপুটি স্পিকারের পদ শূন্য থাকায় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী সদস্যদের শপথ পড়বেন প্রধান নির্বাচন কমিশনার এএমএম নাসিরউদ্দিন।

সংসদ সচিবালয় ও ইসি সূত্র এ তথ্য নিশ্চিত করেছে।

সংবিধানের ১৪৮ অনুচ্ছেদ অনুযায়ী, নির্ধারিত সময়ে স্পিকার বা তার মনোনীত ব্যক্তি শপথ না পড়ালে এই দায়িত্ব সিইসির ওপর বর্তায়। গেজেট প্রকাশের তিন দিনের মধ্যে শপথ না হলে পরবর্তী তিন দিনের মধ্যে সিইসিকে তা সম্পন্ন করতে হয়।

সংসদ সচিবালয় জানিয়েছে, ভোটের আগেই শপথের প্রস্তুতি শেষ করা হবে। নির্বাচন কমিশন বলছে, সংবিধানের বাইরে যাওয়ার সুযোগ নেই।

বিশেষজ্ঞদের মতে, এ প্রক্রিয়া পুরোপুরি বৈধ; শপথে দেরি হলে সংসদের কার্যক্রম শুরুতে জটিলতা তৈরি হতে পারে।

LENS ASIA